

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং- ৫৭.০০.০০০০.০০১.১৬.০১২.১৭-৯৩৪

তারিখঃ ৪ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রি:স্টাব্দ

বিষয়: ২০১৯ সালের এসএসসি (ভোক:) ও দাখিল পরীক্ষার্থীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উপহার 'ডিজিটাল পাঠ সহায়িকা' কার্যক্রমের আওতায় প্রস্তুতকৃত বিষয়ভিত্তিক কনটেন্টসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় এটুআই প্রোগ্রাম ২০১৯ সালের এসএসসি(ভোক:) ও দাখিল পরীক্ষার্থীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উপহার 'ডিজিটাল পাঠ সহায়িকা' কর্মসূচির অংশ হিসেবে পরীক্ষার প্রস্তুতি সহায়ক বিষয়ভিত্তিক কনটেন্ট প্রস্তুত করেছে। পরীক্ষার্থীদের কাছে পৌছানোর জন্য ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন: ফেসবুক, ইউটিউব ও কিশোর বাতায়ন পোর্টালে কনটেন্টসমূহ নিয়মিত আপলোড করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, শিক্ষার্থীগণ আগ্রহ ও উৎসাহের সাথে আপলোডকৃত কনটেন্টসমূহ ব্যবহার করছে। বিষয়ভিত্তিক আপলোডকৃত কনটেন্টসমূহের লিংক এবং গুগল ড্রাইভ লিংক নিম্নে দেয়া হলোঃ

ফেসবুক লিংক (https://www.facebook.com/human.development.media/?ref=br_rs)

ইউটিউব লিংক (https://www.youtube.com/channel/UCV-LCH0uN5O18J2_wf2HVw)

কিশোর বাতায়ন (<http://konnnect.edu.bd/>)

গুগল ড্রাইভ লিংক: (<https://drive.google.com/open?id=1ayAikI6uCRDG4piv1VMm3tOmnZdu5Q9>)

এছাড়াও যে কোন তথ্যের প্রয়োজনে জনাব পুরবী মতিন, এইচডি মিডিয়া ম্যানেজার, এটুআই। মোবাইল: ০১৮১৯-২২৬২৮১,
ই-মেইল:purabi.matin@a2i.gov.bd এ যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য, আগামী ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে নিয়মিতভাবে অবশিষ্ট কনটেন্টসমূহ আপলোড করা হবে এবং ইমেইলের মাধ্যমে কনটেন্টসমূহের লিংক প্রেরণ করা হবে।

২। এনভাবস্থায়, উল্লিখিত কার্যক্রমকে অধিক বিস্তৃত করতে এবং এসএসসি (ভোক:) ও দাখিল পরীক্ষার্থীদের ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে তাঁর আওতাধীন সকল এসএসসি (ভোক:) ও দাখিল পরীক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে 'ডিজিটাল পাঠ সহায়িকা' কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ এবং কনটেন্টসমূহ ব্যবহারে শিক্ষার্থী ও শিক্ষকদের উৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ গোলাম সারওয়ার খান পাঠান)
সহকারী সচিব (সমন্বয়)
ফোনঃ ০২-৪১০৫০১২৫

বিতরণ:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইকান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

স্মারক নং ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৬.১৫-২৯০

তারিখ: ২০.১২.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
মো: শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

১. অধ্যক্ষ, বিএমটিটিআই/সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদরাসা, সিলেট/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া
২. জেলা শিক্ষা অফিসার (সকল)
৩. মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৪. অধ্যক্ষ/সুপার..... মাদ্রাসা/পো:..... উপজেলা..... জেলা

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।